

মাদরাসা বোর্ডে কমেছে পাসের হার ও জিপিএ-৫

অনলাইন ডেক্স



সংযুক্ত ছবি

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধীনে চলতি বছরের দাখিল

পরীক্ষায় গত বছরের তুলনায় পাসের হার ও জিপিএ-৫ কমেছে।

এ বছর পাসের হার ৬৮ দশমিক ০৯ শতাংশ। যা গত বছর ছিল

৭৯ দশমিক ৬৬ শতাংশ। আর এ বছর সারা দেশে জিপিএ-৫

পেয়েছেন ৯ হাজার ৬৬ জন।

যা গত বছর ছিল ১৪ হাজার ২০৬। সেই হিসেবে মাদরাসা বোর্ডে

কমেছে পাসের হার ও জিপিএ-৫।

চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষার প্রকাশিত ফলাফলে

দেখা গেছে, এ বছর দেশের ১১টি শিক্ষা বোর্ডে গড় পাসের হার

৬৮ দশমিক ৪৫ শতাংশ। গত বছর অর্থাৎ, ২০২৪ সালে গড়

পাসের হার ছিল ৮৩ দশমিক ০৪ শতাংশ।

সে হিসাবে পাসের হার অনেক কমেছে।

তার মধ্যে ছাত্রদের পাসের হার ৭১.০৩ শতাংশ এবং ছাত্রদের
পাসের হার ৬৫.৮৮ শতাংশ। সেই হিসাবে এবারও পাসের হারে
এগিয়ে রয়েছে ছাত্রীরা। এ নিয়ে টানা ১০ বছর এসএসসিতে
পাসের হারে এগিয়ে ছাত্রীরা।

এ বছর ১১টি শিক্ষা বোর্ডে জিপিএ-৫ পেয়েছেন ১ লাখ ৩৯
হাজার ৩২ জন শিক্ষার্থী। গত বছর অর্থাৎ ২০২৪ সালে সারা
দেশে জিপিএ-৫ পেয়েছিলেন এক লাখ ৮২ হাজার ১২৯ জন।
সেই হিসাবে এবার জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীর সংখ্যাও ব্যাপক
হারে কমেছে।